SACRIFICE 316

# একটি জীবন্ত বলি উৎসর্গ করা

*"অতএব, হে ভ্রাতৃগণ, ঈশ্বরের নানা করুণার অনুরোধে আমি তোমাদিগকে বিনতি করিতেছি, তোমরা আপন আপন দেহকে জীবিত, পবিত্র, ঈশ্বরের প্রীতিজনক বলিরূপে উৎসর্গ কর, ইহাই তোমাদের চিত্ত-সঙ্গত আরাধনা। আর এই যুগের অনুরূপ হইও না, কিন্তু মনের নূতনীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও; যেন তোমরা পরীক্ষা করিয়া জানিতে পার, ঈশ্বরের ইচ্ছা কি, যাহা উত্তম ও প্রীতিজনক ও সিদ্ধ।"* রোমীয় ১২:১-২

**আপনার উৎসর্গীকৃত বলি।** *"আপন আপন দেহকে জীবিত, পবিত্র, ঈশ্বরের প্রীতিজনক বলিরূপে উৎসর্গ কর,"* এই যে পরামর্শ দেওয়া হয়েছে, এটিকে প্রায়ই ভুল বোঝা হয়ে থাকে। কিন্তু, যীশু খ্রীষ্টে কেবল মাত্র একজন বিশ্বাসী অপেক্ষা আরও অধিক কিছু হওয়ার উপায় আপনাকে দেখানোর জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রথম পদটি প্রত্যেক বিশ্বাসীকে আহ্বান করে, পরিত্রাণ লাভ করার *পর*, ঈশ্বরের উদ্দেশ্যে একটি নির্দিষ্ট বলি উৎসর্গ করার জন্য। সেই বলি উৎসর্গ করার *পর* জীবনের বিষয়ে নির্দেশ দেয় দ্বিতীয় পদটি। প্রতিটি দিন আপনার ক্রুশ তুলে নেওয়ার অংশ রূপে দৈনিক ঈশ্বরের কাছে নিজেকে সমর্পণ করুন, লুক ৯:২৩। অবশ্য সেটাই যে রোমীয় ১২:১ পদের উদ্দেশ্য, এমন নয়। এখানে যে *"তোমরা আপন আপন দেহকে জীবিত, পবিত্র, ঈশ্বরের প্রীতিজনক বলিরূপে উৎসর্গ কর,"* বলে নির্দেশ দেওয়া হয়েছে, সেটি হল ঈশ্বরের কাছে *চিরকালের জন্য একবার* নিজেকে সম্পূর্ণ রূপে উৎসর্গ করা, সমর্পণ করা, এবং উপস্থাপন করা। এটি পরিত্রাণ নয়। পরিত্রাণের ভিত্তি সম্পূর্ণ রূপে থাকে খ্রীষ্টের নিজেকে উৎসর্গ করা বলির উপরে। আর আপনি যে বলি উৎসর্গ করছেন, এটি একটি ভিন্ন বিষয়। এটি হল আপনার উৎসর্গ করা বলি। এটি কোন দৈনিক উৎসর্গ করা বলি নয়। এটি হল, নিঃশর্তভাবে চিরকালের জন্য, জীবিত, পবিত্র, এবং গ্রহণযোগ্য বলিরূপে আপনার জীবনকে ঈশ্বরের কাছে উৎসর্গ করা। এটি হল আপনার দ্বারা স্বেচ্ছায় নিজেকে ঈশ্বরের কাছে উপহার দিয়ে দেওয়া ঈশ্বরের গৌরবের জন্য এবং তাঁর দ্বারা পূর্ণ রূপে ব্যবহার করার জন্য।

**কিন্তু কেনই বা এমন বলি উৎসর্গ করতে হবে?** এমন বলি উৎসর্গ করতে হবে ঈশ্বরের অনুগ্রহের কারণে। রোমীয় ১-১১ অধ্যায় ঈশ্বরের অনুগ্রহগুলিকে বর্ণনা করে। রোমীয় ১২:১ পদ বলে যে, সেই সকল অনুগ্রহের কারণে আপনি কি করুন বলে ঈশ্বর চান। রোমীয় ১২:২ পদ আপনার বলি উৎসর্গ করার *পরে* জীবনের বিষয়ে আপনাকে দুইটি পরামর্শ দেয়। আপনাকে পরিত্রাণ দেওয়া এবং আপনাকে পবিত্র করার পরিপ্রেক্ষিতে ঈশ্বরের মহান অনুগ্রহগুলি বর্ণনা করা হয়েছে রোমীয় পুস্তকের প্রথম এগারটি অধ্যায়ে। সুতরাং আপনি নিজেকে ঈশ্বরের কাছে উপস্থাপন করে দিন। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করবেন আপনার এই জীবনে এবং অনন্ত জীবনে। কিন্তু, আপনার বলি উৎসর্গ করার সঠিক অনুপ্রেরণা আপনার সামনে নেই। সেই অনুপ্রেরণা আছে আপনার পিছনে। আপনার সঠিক অনুপ্রেরণার ভিত্তি হল সেটি, যেটি ঈশ্বর ইতিমধ্যেই করে দিয়েছেন। কল্পনা করুন যে, যীশু আপনার দিকে পেরেকে বিদ্ধ তাঁর হাতটি বাড়িয়ে দিলেন এবং বললেন, "তোমার জন্য আমি যা কিছু করেছি সেই সকল কিছুর পর, এখন তুমি আমার জন্য এটি কর।" এটাই হল রোমীয় ১২:১ পদের অর্থ।

**কেন এক বারই এই বলি উৎসর্গ করতে হবে?** এক বারই বলি উৎসর্গ করতে হবে, কারণ রোমীয় ১২:১-২ পদে তেমনটিই বলা হয়েছে। রোমীয় ১২:২ পদের *"এই যুগের অনুরূপ হইও না"* এবং *"স্বরূপান্তরিত হও"* এই ক্রিয়াপদগুলি আছে বর্তমান কালে। এর অর্থ এই হয় যে, এই দুইটি কাজ করতে হবে এখন, এবং এইগুলি করতে হবে আপনার সারা জীবন ভর। কিন্তু, গ্রীক ভাষায়, রোমীয় ১২:১ পদের *"তোমরা আপন আপন দেহকে জীবিত, পবিত্র, ঈশ্বরের প্রীতিজনক বলিরূপ... উৎসর্গ কর"* এই ক্রিয়াপদটি সাধারণ বর্তমান-কালে নেই, যেমন কাজ অভ্যাসবশত করা হয়ে থাকে। গ্রীক ভাষায়, এর অর্থ হয় একবার করা কাজ। এই কাজ ক্রমাগত ভাবে করতে থাকা এর অর্থ হয় না। এর অর্থ হয় সকল সময়ের জন্য এই কাজ একটি মাত্র বার করা। এটি হল আপনার দ্বারা একটি নির্ণয় নিয়ে আপনার নিজেকে ঈশ্বরের কাছে সমর্পণ করে দেওয়া। আপনি নিজেকে একটি বলি রূপে ঈশ্বরের কাছে উৎসর্গ করে দিন। রোমীয় ১২:১ পদ হল আপনার নিজেকে বলি উৎসর্গ করার বিষয়ে। এটি হল ঈশ্বরের বেদির উপরে নিজেকে স্থায়ী রূপে উৎসর্গ করে দেওয়া।

**দুইটি দৃষ্টান্ত।** দ্বিতীয় বিবরণ ১৫:১২-১৭ পদ এই বিষয়ের দৃষ্টান্ত দেয়। মুক্ত করে দেওয়া একজন ইব্রীয় দাস নিজেকে *স্বেচ্ছায়* এবং *স্থায়ী* রূপে পুনরায় তার প্রভুর দাস করতে পারত। সেই দাসের প্রতি অতীতে তার প্রভুর অনুগ্রহ হত এই প্রকার মনোনয়নের ভিত্তি। এই প্রকার মনোনয়ন গড়ে উঠত সেই দাসের প্রতি তার প্রভুর প্রেমের দ্বারা। এটি ছিল একটি স্থায়ী ব্যবস্থা। এই দাসের কান একটি গুঁজি দ্বারা কপাটের সঙ্গে বিদ্ধ করে দেওয়া হত, যেটি এই নির্দেশ করতো যে সেই দাস তার সারা জীবনের জন্য তার প্রভুর দাস হয়ে গেল। এই দাসত্বের বিষয়টি হত সেই দাসের মনোনয়নের বিষয়। সেই দাসের উপরে এই প্রকার দাসত্ব চাপিয়ে দেওয়া হত না। এটি হত একটি স্থায়ী নির্ণয়। পুরাতন নিয়মের পশু বলির মধ্যে আছে এর আর একটি দৃষ্টান্ত। বেদির উপরে স্থাপন করার জন্য সেই পশুকে গ্রহণযোগ্য হতে হত। লেবীয় পুস্তক ১-৫ অধ্যায় অনুসারে অসুস্থ অথবা দোষযুক্ত কোন পশু গ্রহণযোগ্য হত না। এটি রোমীয় ১২:১ পদ অনুসারে আপনার উৎসর্গ করা বলির পবিত্র এবং গ্রহণযোগ্য অংশের দৃষ্টান্ত দেয়। উৎসর্গীকৃত বলির মৃত্যু হওয়া, সেই বলির স্থায়ী হওয়ার দৃষ্টান্ত দেয়। উৎসর্গীকৃত কোন পশুই উত্তাপ অনুভব করে বেদি থেকে হামাগুড়ি দিয়ে বেদি থেকে নীচে নেমে আসেনি। কোন যাজকই কোন পশুকে দিনের শেষে ফিরিয়ে নিয়ে যেতেন না এই জন্য যে সেই পশুকে অন্য আর এক দিন উৎসর্গ করা হবে। একটি পশুকে যখন বলি দেওয়া হত, তখন সেটি একটি স্থায়ী বলি হত। রোমীয় ১২:১ পদ অনুসারে আপনার উৎসর্গীকৃত বলি যখন উত্তাপ অনুভব করবে তখন যদি আপনি সেটিকে বেদির উপর থেকে নামিয়ে নেন, তাহলে সেটির অর্থ এই হবে যে, সেটি কখনোই রোমীয় ১২:১ পদ অনুসারে উৎসর্গ করা বলি ছিল না।

**আপনার উৎসর্গীকৃত বলির পুনরাবৃত্তি করা।** রোমীয় ১২:১ পদ অনুসারে আপনার উৎসর্গীকৃত বলির আপনি কি পুনরাবৃত্তি করতে পারেন? হাঁ, আপনি তেমনটি করতে পারেন, যদি আপনার উৎসর্গীকৃত বলি গ্রহণযোগ্য ছিল না। রোমীয় ১২:১ পদের একটি বলিকে জীবন্ত, পবিত্র, এবং গ্রহণযোগ্য হওয়া আবশ্যক। আপনি জীবিত আছেন কারণ, খ্রীষ্টকে বিশ্বাস করার মাধ্যমে, আপনি *"মৃত্যু হইতে জীবনে পার হইয়া গিয়াছেন,"* যোহন ৫:২৪। আপনার দায়িত্ব হল, নিজে একটি পবিত্র বলি হওয়া। পুরাতন নিয়মে যে পশুদের বলি দেওয়ান হত, সেগুলিকে বলি দেওয়ার জন্য গ্রহণযোগ্য হতে হত। কোন পশুই সম্পূর্ণ রূপে ত্রুটিহীন হতে পারতো না। কিন্তু সেটিকে হতে হত কোন রোগ ব্যতীত, স্বাস্থ্যবান, এবং ক্ষতবিহীন। রোমীয় ১২:১ পদের বলির পরিপ্রেক্ষিতে এটি দুইটি দৃষ্টান্ত উপস্থাপন করে। প্রথমটি হল, যে পশুকে বলি দেওয়া হবে, সেটির শরীরে যেন কোন রোগ না থাকে। পরিত্রাণের মাধ্যমে পাপের এবং ঈশ্বরের থেকে পৃথক থাকার রোগের অবশ্যই নিরাময় করতে হবে। এই কারণেই, রোমীয় ১২:১ পদ লেখা হয়েছে কেবল মাত্র বিশ্বাসীদের উদ্দেশ্যে (এই পদের "হে ভ্রাতৃগণ" কথাটি যে বিষয়ের নির্দেশ করে)। বিশ্বাসী নয়, এমন একজন ব্যক্তির দ্বারা উৎসর্গীকৃত বলি গ্রহণযোগ্য নয়, কারণ অবশ্যই বলি উৎসর্গ করতে হবে *পরিত্রাণের পরে পরিত্রাণের পূর্বে নয়।* আপনাকে যীশুর কাছে আসতে হবে, তাঁকে অনুসরণ করার পূর্বে। আপনার পরিত্রাণ নিশ্চিত করার জন্য এখানে যান www.Gospel316.org. পবিত্র অংশটি, একজন বিশ্বাসীর জীবনের শুচিতার একটি গ্রহণযোগ্য স্তরকে নির্দেশ করে। কেবল মাত্র তখনই, রোমীয় ১২:১ পদ অনুসারে আপনার দ্বারা উৎসর্গীকৃত বলি, ঈশ্বরের কাছে গ্রহণযোগ্য হবে। *"অতএব যদি কেহ আপনাকে এই সকল হইতে শুচি করে, তবে সে সমাদরের পাত্র, পবিত্রীকৃত, কর্ত্তার কার্য্যের উপযোগী, সমস্ত সৎক্রিয়ার নিমিত্ত প্রস্তুত হইবে,"* ২ তীমথিয়ে ২:২১। আপনি সম্পূর্ণ রূপে ত্রুটিহীন হতে পারেন না। কিন্তু আপনি আত্মিক স্বাস্থ্য এবং পবিত্রতার এক উপযুক্ত স্তরে নিজেকে ঈশ্বরের কাছে উপস্থাপন করতে পারেন। ঈশ্বরের দ্বারা যখন আপনার জীবন্ত এবং পবিত্র বলি একবার গ্রহণ করা হয়, তখন আপনাকে সেই বলি আর পুনরায় উৎসর্গ করতে হবে না। কিন্তু আপনার উৎসর্গীকৃত বলি অস্থায়ী হওয়ার অথবা পবিত্র না হওয়ার কারণে যদি ঈশ্বরের দ্বারা গ্রহণ করা না হয়ে থাকে, তাহলে সেই বলি পুনরায় উৎসর্গ করা আবশ্যক। আপনি নিজেকে একটি স্থায়ী, জীবন, এবং পবিত্র বলি রূপে ঈশ্বরের কাছে উৎসর্গ করুন। স্বেচ্ছায় এবং স্থায়ী রূপে আপনি নিজেকে ঈশ্বরের দাস করুন। এই কাজটি হালকা ভাবে করবেন না। পরিত্রাণ লাভ করার পর, এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ নির্ণয়। আপনার উৎসর্গীকৃত বলি যখন গ্রহণ করা হবে, তারপর এগিয়ে যান রোমীয় ১২:২ পদে উল্লেখ করা যীশু খ্রীষ্টের একজন প্রকৃত অনুগামী রূপে আপনার নিজেকে স্বরূপান্তরিত করার দিকে। তিনি আপনার জন্য যত কিছু করেছেন, সেই সকল কিছুর পর, এখন তাঁর জন্য আপনি এইটুকু করুন!

**নিজেকে উৎসর্গ করার পরবর্তী কালে আপনার জীবন।** *"আর এই যুগের অনুরূপ হইও না, কিন্তু মনের নূতনীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও; যেন তোমরা পরীক্ষা করিয়া জানিতে পার, ঈশ্বরের ইচ্ছা কি, যাহা উত্তম ও প্রীতিজনক ও সিদ্ধ,"* রোমীয় ১২:২। এই পদটি পরামর্শ দেয়, রোমীয় ১২:১ পদে উৎসর্গ করা বলির পরে আপনার পরবর্তী জীবনের বিষয়ে। এই পরামর্শগুলি আছে সাধারণ বর্তমান কালে, যার অর্থ হয়, ক্রমাগত ভাবে আপনার মনের নূতনীকরণ দ্বারা নিজেকে যুগের অনুরূপ হতে না দেওয়া এবং স্বরূপান্তরিত করতে থাকা। এই যুগের অনুরূপ হবেন না, এই জগতের পাপময় পদ্ধতিকে স্বীকার করবেন না। একজন বিশ্বাসী রূপে আপনি কে, সেটি এই জগতকে নির্ধারণ করতে দেবেন না। রোমীয় ১২:২ পদ আপনাকে পরামর্শ দেয় *"মনের নূতনীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও।"* গ্রীক ভাষার যে শব্দ থেকে *স্বরূপান্তরিত* কথাটি অনুবাদ করা হয়েছে, সেটি সেই একই শব্দ, যেটিকে মথি ১৭:২ এবং মার্ক ৯:২ পদে যীশুর সম্পর্কে ব্যবহার করা হয়েছিল, যখন তিনি *রূপান্তরিত হয়েছিলেন।* রোমীয় ১২:২ পদ হল মনের নূতনীকরণ দ্বারা রূপান্তরিত হওয়ার (অধিক শ্রেয় হওয়ার জন্য আপনার মনের সংস্কার করার, সম্পূর্ণ পরিবর্তন করার) জন্য একটি পরামর্শ। এই আভ্যন্তরীণ রূপান্তর (একটি গুটিপোকা থেকে একটি প্রজাপতিতে রূপান্তরিত হওয়ার থেকেও যেটি অনেক বেশি অভূতপূর্ব), সেটি তখন সম্পন্ন হয়, যখন আপনি ঈশ্বরের বাক্য শিক্ষা করেন এবং সেই অনুসারে জীবন যাপন করেন) রোমীয় ১২:১ পদ অনুসারে আপনি নিজেকে বলি উৎসর্গ করুন। নিজেকে চেপে ধরে পৃথিবীর ধাঁচা অনুসারে গড়ে তুলবেন না। ঈশ্বরের বাক্য শিখতে শিখতে এবং সেই অনুসারে জীবন যাপন করতে করতে রূপান্তরিত হয়ে যান। তখনই আপনি জানতে পারবেন যে ঈশ্বরের ইচ্ছা কি।

**"যেন তোমরা পরীক্ষা করিয়া জানিতে পার, ঈশ্বরের ইচ্ছা কি, যাহা উত্তম ও প্রীতিজনক ও সিদ্ধ।" রোমীয় ১২:২**

---

*একটি জীবন্ত বলি উৎসর্গ করা* © ২০২৬ এই পুস্তকটি লিখিত হয়েছে তৃতীয় জন ডি মোরিস দ্বারা, এবং প্রকাশিত হয়েছে অ্যাক্টস ওয়ান এইট দ্বারা। আপনি বিনামূল্যে সম্পূর্ণ এই উক্তি সহ, বিষয় বস্তু অপরিবর্তিত রেখে এটি ছাপাতে, অনুলিপি করতে, পোস্ট করতে, ইমেল করতে পারেন। এর প্রথম পৃষ্ঠায় আপনি আপনার পরিচর্যার, অথবা মণ্ডলীর নাম অথবা লোগো যোগ করতে পারেন এবং দ্বিতীয় পৃষ্ঠায় মোটা রেখার উপরে আপনার যোগাযোগ সম্পর্কিত তথ্য প্রদান করতে পারেন। *Sacrifice316* এই পুস্তকটি লেখা হয়েছে কেবল মাত্র বাইবেলের উপরে ভিত্তি করে। এই পুস্তকটি আছে মানুষদের সাহায্য করার জন্য যেন তাঁরা কেবল মাত্র যীশুর বিশ্বাসী হয়ে না থাকেন কিন্তু আত্মিক ভাবে আরও বৃদ্ধি লাভ করেন। অ্যাক্টস ওয়ান এইটকে আপনি এই ঠিকানায় (যদি পারেন তাহলে ইংরাজি ভাষায়) লিখতে পারেন: Hello@Mail316.org। অনুবাদ করা হয়েছে www.ChristianLingua.com। এনাদের দ্বারা *একটি জীবন্ত বলি উৎসর্গ করা* পুস্তকটি বিনামূল্যে ৪৮টি ভাষায় এখানে পাওয়া যাবে www.Sacrifice316.org। ইংরাজি সংস্করণে উদ্ধৃতিগুলি নেওয়া হয়েছে, দি লকম্যান ফাউন্ডেসনস নিউ অ্যামেরিকান স্ট্যান্ডার্ড বাইবেল ১৯৯৫ থেকে। এই অনুবাদে উদ্ধৃতিগুলি নেওয়া হয়েছে, পবিত্র বাইবেল, বাইবেল সোসাইটি অফ ইন্ডিয়া ভার্সন, বেঙ্গলি ও ভি থেকে।